

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৫০

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - ভয় ও কান্না

اَلْفَصْلُ الثَّنِفْ (بَابِ الْبِكاءِ وَالْخَوْف)

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: سَأَلَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ هَذِهِ الْآيَةِ: (وَالَّذِينَ يُشْرَبُونَ الْخَمْرَ وَيَسْرِقُونَ؟ قَالَ: «لَا يَا بِنْتَ يُوْتُونَ مَا آتوا وقُلُوبُهم وَجِلَةٌ) أَهُمُ الَّذِينَ يَشْرَبُونَ الْخَمْرَ وَيَسْرِقُونَ؟ قَالَ: «لَا يَا بِنْتَ الصِّدِيقِ وَلَكِنَّهُمُ الَّذِينَ يَصُومُونَ وَيُصَلُّونَ وَيَتَصَدَّقُونَ وَهُمْ يَخَافُونَ أَنْ لَا يُقْبَلَ مِنْهُمْ أُولَئِكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْخَيْرَاتِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْن مَاجَه

حسن ، رواه الترمذى (2675) و ابن ماجم (4198) ـ (صَحِيح)

বাংলা

৫৩৫০-[১২] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাস্লুল্লাহ (সা.) -কে একবার (নিম্নবর্ণিত) এ আয়াতিট সম্পর্কে প্রশ্ন করলাম- (وَالَّذِينَ يُوتُونَ مَا آتوا وقُلُوبُهم وَجِلَةً)

"এবং যারা তাদের যা দান করার তা ভীত-সন্তুম্ভ অন্তরে দান করে"- (সূরাহ্ আল মু'মিনূন ২৩: ৬০)। এরা কি তারা- যারা মদ্যপান করে এবং চুরি করে? তিনি বললেন, না, হে সিদ্দীকের কন্যা! বরং তারা এ আশক্ষায় ভীত থাকে তাদের এ সমস্ত কাজগুলো সম্ভবত কবুল নাও হতে পারে। এরা ঐ সমস্ত লোক যারা অগ্রগামী থাকে কল্যাণময় কাজে। (তিরমিয়ী ও ইবনু মাজাহ)

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ৩১৭৫, ইবনু মাজাহ ৪১৯৮, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৬২, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৪৪৩১।

ব্যাখ্যা



ব্যাখ্যা : (وَالَّذِينَ يُوْتُونَ مَا آتوا) "যারা যাকাত দেয় ও দান-খয়রাত ইত্যাদি কাজে অর্থ ব্যয় করে"

(وَالَّهُمْ وَجِلَةٌ) "এবং তাদের অন্তর ভয়ে ভীত হয়ে থাকে" এ কারণে যে, যদি তাদের দান কবুল না হয় অথবা সঠিক পন্থায় ব্যয় না করার কারণে তাদেরকে শাস্তির আওতায় আনা হয়। আয়াতের বাকী অংশ হচ্ছে, النَّهُمْ وَجِلُونَانَ)

(اللَّهُمُ "তারা তো তাদের রবের কাছেই প্রত্যাত্নকারী।

(وَلَّبُكُ يُسُرِعُونَانَ فِي الْوَحْيَارَاتِ) "তারা তো কল্যাণকর কাজে সর্বদা দ্রুত প্রতিযোগিতায় লিপ্ত।"

(ত্ هُمُ اللَّهُ الْمَا سَلِقُونَانَ وَالْمُا الْمَا اللّهُ وَالْمَا الْمَا الْم

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85329

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন